

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।

www.harinakunda.jhenaidah.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ০৩ জুলাই ২০১৭ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপনের আলোকে ঝিনাইদহ জেলাধীন হরিণাকুণ্ডু উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে উল্লিখিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে গ্রাম পুলিশ (মহল্লাদার) সরাসরি নিয়োগ এর জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়নের নাম	পদের নাম	পদের সংখ্যা	ওয়ার্ড নং	শিক্ষাগত যোগ্যতা
০১	৭ নং রত্ননাথপুর ইউনিয়ন পরিষদ	মহল্লাদার	০১ জন	০৩	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে জটম শ্রেণী পাস অথবা স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	৮ নং চাঁদপুর ইউনিয়ন পরিষদ	মহল্লাদার	০১ জন	০৮	ঐ

শর্তাবলী:

- আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ বরাবর আগামী ২৮-১১-২০২৩ খ্রি. তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র দাখিল করতে হবে।
- ২৮ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩০ বছর।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বয়স/ জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে)। (ঙ) ভোটার আইডি নং (চ) ঠিকানা (ছ) শারীরিক যোগ্যতার পরিমাপ (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখ পূর্বক নাগরিকত্বের সনদপত্র, অনলাইনে জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তিতে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মহল্লাদার পদে নিয়োগের জন্য পুরুষ প্রার্থীদের শারীরিক যোগ্যতা-সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশনাবলী অনুসরণ করা হবে। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকুরিরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনকারীর পিতা/মাতা গ্রাম পুলিশ (দফাদার/মহল্লাদার) পদে চাকুরিরত থাকলে/চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করে থাকলে সে বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- মহল্লাদার পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।
- আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার বরাবর ১০০/- (একশত) টাকার পে-অর্ডার (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

Smिता ০৭.১১.২৩
(সুমিত্রা সাহা)

উপজেলা নির্বাহী অফিসার
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।

ফোন: ০২৪৭৭৫০১৬০

email: unoharinakunda@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.৪৪০০.০০০.০৩.০২২.২২-১০৭১/১ (২০)

তারিখ : ২২ কার্তিক ১৪৩০
০৭ নভেম্বর ২০২৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ।
- পুলিশ সুপার, ঝিনাইদহ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
- অফিসার ইনচার্জ, হরিণাকুণ্ডু থানা, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
- উপজেলা..... কর্মকর্তা, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
- চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ। (তৌকে অত্র বিজ্ঞপ্তি ইউনিয়ন তথ্য বাতায়নে আপলোডসহ হাটব্যাকআপের গুরুত্বপূর্ণ স্থানে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ। (তৌকে অত্র বিজ্ঞপ্তি উপজেলা তথ্য বাতায়নে আপলোড করার অনুরোধসহ)।
- ইউনিয়ন ডুমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ডুমি অফিস, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
- অফিস নথি/নোটেশ বোর্ড।

Smिता ০৭.১১.২৩

উপজেলা নির্বাহী অফিসার
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।